

Zabt and Nasaq:-

Zabt and Nasaq- বলতে মুঘল আমলের রাজস্ব ব্যবস্থাকে বোঝায়। ইরকান হাবির এর মতে জরিব বা অমল- ই

- জরিব হল **zabt** ব্যবস্থার সমার্থক এবং জমি জরিপ ও তার ভিত্তিতে গৃহীত রাজস্ব ব্যবস্থাকে সূচিত করে।

জাফত ব্যবস্থা শেরশাহ ও ইসলাম শাহ এর দ্বারা ভূমির ত্রিস্তরীকরণ এবং বিঘা প্রতি প্রত্যেকটি শস্যের হার অনুযায়ী স্থাপিত হয়েছিল 1540 এর দশকে। আকবর 1560 এর দশকে এই ব্যবস্থাকে সম্পূর্ণরূপে গ্রহণ করা সত্ত্বেও শস্য ভিত্তিক হারকে বাস্তবিক অর্থ ভিত্তিক হারে রূপান্তর করেন। প্রতিটি শস্যের এই সামগ্রিক দরকে **Dastar- ul- amal** বলা হয়। যখন টোডরমল এবং মুজ্জফর খান নতুনভাবে রাজস্ব ব্যবস্থা গড়ে তোলেন 1565-66 সালে তখন তারা বিভিন্ন প্রদেশে ও স্থানীয় এলাকার শস্যের দরে বার্ষিক পুনর্মূল্যায়নের জায়গা তৈরি করেন। কিন্তু এর ফলে প্রশাসনিক জটিলতা ও অহেতুক দেরি যেমন ঘটত তেমনই রাজস্ব সংগ্রহ করতে কৃষকদের ও রাজস্ব সংগ্রাহকদের সমস্যা হত। এই অবস্থায় 1579-80 সালে **jama -i- Dahsala** গ্রহণ করা হয়। **W.H.Moreland** এর মতে এটি ছিল বিগত দশ বছরের রাজস্ব গ্রহণের কর পরিমাপ। ইরফান হাবিব অবশ্য ভিন্ন মত পোষণ করে বলেছেন যে, পূর্ববর্তী দশ বছরের প্রতিটি শস্যের রাজস্ব গ্রহণের সর্বোচ্চ পরিমাপকে নতুন রাজস্ব হার হিসাবে নির্দিষ্ট করা হয়। জমির পরিমাপ প্রথমে দড়ির ভিত্তিতে ও পরবর্তী পর্যায়ে বাঁশের মাধ্যমে করা হতে থাকে। শেষ পর্যন্ত 1586 এর মধ্যে নতুন **Gaz-i- ilahi** স্থাপন করা হয়। 1575 এর মধ্যে উত্তর মধ্য ভারতে অধিকাংশ এলাকা খালিসা অঞ্চলে রূপান্তরিত করে সেখানে জফত ব্যবস্থা জারি করা হয়।

Zabt ব্যবস্থার বেশ কিছু সুফল লক্ষ্য করা যায়। এই ব্যবস্থার ফলে জমি পরিদর্শন করা যেত ও স্থায়ী রাজস্ব দর (দস্তুর) স্থানীয় মুঘল কর্মচারীদের দুর্নীতি নিয়ন্ত্রণ করতে সাহায্য করত তবে বার্ষিক রাজস্ব মুঘলদের অসুবিধা ও অনিশ্চয়তা দূর করে। এই ব্যবস্থা সেই সমস্ত অঞ্চলে আরোপ করা যেত না, যেখানে মাটির গুণগতমান অসম ছিল। তাছাড়া এই ব্যবস্থার উৎপাদনের সমগ্র বোঝা কৃষকের স্কন্ধে আরোপ করা হয়। জমি পরিমাপে আর একটি সমস্যা ছিল এর ব্যয় বহুলতা। কিন্তু তা সত্ত্বেও বলা যায় যে জাফত ব্যবস্থাই ছিল মুঘল রাজস্ব ব্যবস্থার শিরদাঁড়া ও এর মাধ্যমেই মুঘল রাষ্ট্র এর অধিকাংশ পরিমাপ রাজস্ব গৃহীত হত।

■ **Nasaq** ব্যবস্থা যার আক্ষরিক অর্থ সুশাসক। এর প্রকৃতি সম্পর্কে বিভিন্ন মত পাওয়া যায়। আবুল ফজল তাঁর আকবরনামা ও আইনি- ই -আকবরী তে শব্দটি উল্লিখিত হলেও অর্থ বলা হয়নি। নাজার আলী খান 1851 খ্রি **nasaq** শব্দটির অর্থ **Renew Farming** বলে উল্লেখ করেছেন। **Bolchmann** মনে করেন যে এই ব্যবস্থায় ভূমিকর উৎপাদক এবং রাজস্ব সংগ্রাহকের যৌথ সম্পত্তির ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়। **Yusuf Ali** ও **Moreland** এই শব্দটির সঠিক অর্থ নির্ধারণে অসমর্থতা প্রকাশ করে এটি একটি জমিদারি ব্যবস্থা বলে উল্লেখ করেন।

পরে Moreland এটিকে Summary Assessment এবং Group Assessment বলে মনে করেন। S.R.Sharma এর মতে পূর্ববর্তী রাজস্বের গড় পরিমাপকে Nasaq বলা হয়। I.H.Siddiqui এটিকে contract between the state and the peasant বলে মনে করেন।

ইরফান হাবিব অকথ্য এই তথ্যগুলিকে আংশিক বিরোধিতা করে বলেছেন এই কোন নতুন ব্যবস্থা নয়। তাঁর বক্তব্য হল "It was a method or procedure which could be adopted whatever was the basic method of revenue assessment and collection that was in force" আবুল ফজল Nasaq আলোচনায় nasaq-i- jurv বা আংশিক Nasaq এর উল্লেখ করেছেন। বেরার বাংলা এবং কাশ্মীরে নাসাক বিভিন্ন আকারে বর্তমান ছিল। রেবারে এর অর্থ হল স্থানীয় প্রথা বা দর অনুযায়ী একটি গ্রামে হালের সংখ্যা নির্ভর অমুঘল রাজস্ব ব্যবস্থা--বাংলায় অর্থ স্থানীয় জমিদারদের সাথে জমিজরিজ বহির্ভূত আনুমানিক রাজস্ব ব্যবস্থা। কাশ্মীর সম্বন্ধে ইরফান হাবিব উল্লেখ করেছেন Nasaq-i-ghalla-baksh যার অর্থ শস্য বন্টন। অতএব প্রাথমিক রাজস্ব ব্যবস্থা যেধরণের হোকনা কেন জমির পরিমাপ বা হালের সংখ্যা এই ব্যবস্থাই মুঘল পরিকাঠামোর স্থায়িত্ব লাভ করলে তাকে Nasaq ব্যবস্থা বলে অভিহিত করা হয়। ইরফান হাবিব তাই উল্লেখ করেছেন -- "Any avoidance of the process of actual assessment, by acceptance of something previously worked out or determined, was Nasaq."